তারিখ ...২৯ APR 2016...
পৃষ্ঠা ...৩... কলাম ...২...

দৈনিক
জনকণ্ঠ

# রাবি শিক্ষক হত্যার প্রতিবাদে খুবিতে কর্মসূচী

**স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ॥** খুলনা বিশ্ববিদ্যালয় (খুবি) শিক্ষক সমিতি আয়োজিত এক সংবাদ সম্মেলনে শিক্ষক নেতৃবৃন্দ বলেন, দেশজুড়ে মৌলবাদীদের উত্থান, বিশ্ববিদ্যালয় শিক্ষক হত্যা, স্বাধীনচেতা মানুষের ওপর হামলা-হত্যা ও নাশকতার ঘটনায় 'আমরা উদ্বিগ্ন, তবে মৃত্যুভয়ে ভীত নই'। এই অপশক্তির হাত থেকে মুক্তি পেতে আমাদের সকলকে ঐক্যবদ্ধ হতে হবে। এটা না হলে শুধু শিক্ষকই নয়, অন্য পেশার মানুষেরা ওই দুর্বৃত্তদের হাত থেকে রেহাই পাবে না। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এএফএম রেজাউল করিম সিদ্দিকী হত্যার প্রতিবাদ ও বিচারের দাবিতে এবং মৌলবাদের শিকড় উৎপাটনের লক্ষ্যে বৃহস্পতিবার সকালে খুবির প্রশাসনিক ভবনের সম্মেলনকক্ষে এই সংবাদ সম্মেলন আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে সাত দিনের কর্মসূচী ঘোষণা করা হয়।

কর্মসূচীর মধ্যে রয়েছে ২ মে সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত শিক্ষকদের কর্মবিরতি এবং ক্যাম্পাসের হাদি চত্বরে সমাবেশ। ৪ মে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর বরাবর স্মারকলিপি প্রদান ও নগরীতে আলোর মিছিল। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ও সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন খুবি শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. আহমেদ আহসানুজ্জামান। এ সময় সমিতির সহ-সভাপতি প্রফেসর ড. সরদার শফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক প্রফেসর ড. মোঃ সারওয়ার জাহান, প্রফেসর ড. অনির্বাণ মোস্তফা, প্রফেসর আফরোজা পারভীনসহ অন্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

## যশোরে মানববন্ধন

স্টাফ রিপোর্টার যশোর অফিস থেকে জানান, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের অধ্যাপক ড. এএফএম রেজাউল করিম সিদ্দিকীসহ সকল হত্যার বিচারের দাবিতে যশোরে মানববন্ধন ও সংহতি সমাবেশ হয়েছে। বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার দিকে প্রেসক্লাব যশোরের সামনে এ মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট যশোর জেলা আয়োজিত মানববন্ধন ও সমাবেশ চলাকালে বক্তব্য রাখেন- বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (বাসদ) যশোর জেলা সমন্বয়ক হাসিনুর রহমান, সহকারী শিক্ষক প্রবীর কুমার রায়, সংগঠনের কেন্দ্রীয় সদস্য রুহুল আমিন, উজ্জ্বল রায়, সুজয় কুমার প্রমুখ।